রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৫, ২০২৬

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২২ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৩১-আইন/২০২৬।**—নির্বাচন কমিশন, Representation of the People Order, 1972 (President's Order No. 155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে, নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ১০ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "ফরম-৭" এর পর "ও "ফরম-৭ক" বর্ণ, চিহ্ন, শব্দ ও সংখ্যা সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (৩ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩ক) অনুচ্ছেদ ২৭ এর দফা (১) এর উপ-দফা (ঘ) এ উল্লিখিত ব্যক্তির ক্ষেত্রে নিবন্ধন স্থগিতকৃত রাজনৈতিক দলের প্রতীক ব্যতীত বিধি ৯(১) এ উল্লিখিত সকল প্রতীক সংবলিত পোস্টাল ব্যালট পেপার 'ফরম-৭' এ হইবে, এবং অনুচ্ছেদ ২৭ এর দফা (১) এর উপ-দফা (ক), (খ) ও (গ) এ উল্লিখিত ব্যক্তির ক্ষেত্রে পোস্টাল ব্যালট পেপার 'ফরম-৭ক' এ হইবে।";

(২) বিধি ১১ এর উপ-বিধি (৬) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) “ফরম-৭ক” পোস্টাল ব্যালট পেপার;”;

(৩) বিধি ১২ক এর উপ-বিধি (৫) এ উল্লিখিত “ব্যালট পেপারে (ফরম-৭)” শব্দগুলি, বন্ধনী, চিহ্ন ও সংখ্যা এর পরিবর্তে “ব্যালট পেপারে (ফরম-৭ক)” শব্দগুলি, বন্ধনী, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(৪) উক্ত বিধিমালার তফসিল-১ এর ফরম-৭ এর পর নিম্নরূপ নূতন ফরম-৭ক সন্নিবেশিত হইবে, যথা:—

**"ফরম-৭ক**

[বিধি ১০(১), ১০(৩ক), ১১(৬) ও ১২ক(৫) দ্রষ্টব্য]

জাতীয় সংসদ নির্বাচন

**পোস্টাল ব্যালট পেপার**

| **পোস্টাল ব্যালট পেপার** | | |
|---|---|---|
| ক্রমিক............ **জাতীয় সংসদ নির্বাচন** **নির্বাচনি এলাকার নম্বর ও নাম:...............................** | | |
| নাম | প্রতীক | ☐ |
| নাম | প্রতীক | ☐ |
| নাম | প্রতীক | ☐ |
| নাম | প্রতীক | ☐ |
| নাম | প্রতীক | ☐ |
| নাম | প্রতীক | ☐ |
| প্রতীকের পাশে ফাঁকা ঘরে সঠিকভাবে (√) টিক অথবা (×) ক্রস চিহ্ন দিয়ে ভোটাধিকার প্রয়োগ করতে হবে। | | |
| স্বাক্ষর<br>নাম ও পদবী:<br>নির্বাচন কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | | |

।"।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**

সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd